**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**4 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন যে ২০২৪-২৫ সালে উত্তর-পূর্বাঞ্চলের রেল ক্ষেত্রের বিকাশের জন্য ১০ হাজার কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে । উত্তর-পূর্বাঞ্চল এখন থেকে দেশের নতুন ইঞ্জীন বলে উল্লেখ করে শ্রী বৈষ্ণ বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলের বিকাশের জন্য লুক-ইষ্ট নীতি পরিবর্তন করে এক্ট-ইষ্ট নীতিতে রূপান্তর করেছেন । রেল মন্ত্রী গতকাল গৌহাটি ও উত্তর লক্ষিমপুরের মধ্যে চলাচল করা নতুন জনশতাব্দী এক্সপ্রেস ট্রেন এবং তিনসুকীয়া-নাহরলগুন ও গৌহাটি-নিউ বঙ্গাইগাও যাত্রীবাহী রেল দুটির যাত্রার আনুষ্ঠানিক সূচনা করে একথা বলেন ।উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামোর উন্নয়নের জন্য বাজেটে এক লক্ষ ২৫ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলেও কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।

উল্লেখ্য যে এই নতুন জনশতাব্দী এক্সপ্রেস ট্রেনটি ব্রহ্মপুত্রের উত্তর পারের সঙ্গে রেল যোগাযোগ ব্যবস্থা সহজ করে তুলবে । প্রসঙ্গত তিনি জাগীরোডে জাতীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান স্থাপনের কথা উল্লেখ করে বলেন যে এই প্রতিষ্ঠান যুবক-যুবতীদের বৈদ্যুতিন , সেমি

কন্ডাক্টর , কৃত্রিম বুদ্ধিমত্তা ইত্যদি বিভিন্ন ক্ষেত্রে কাজের জন্য দক্ষ করে তুলবে ।

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত ভারত হিসেবে গড়ে তুলতে প্রযুক্তিবিদ্যা বিশেষভাবে সহায়তা করবে । এ ক্ষেত্রে নাইলেট বিশ্ববিদ্যালয় রাজ্যের শিক্ষা জগতে নতুন দিগন্তের সূচনা করবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ডক্টর শর্মা কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণকে আগামী ২৫ ফেব্রয়ারী অনুষ্ঠেয় **এডভান্টেজ আসাম সম্মেলনে** উপস্থিত থাকার আমন্ত্রণ জানান ।

অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য , কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা বিভাগের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , আকাশবাণীর সঞ্চালক প্রধান প্রজ্ঞা পালিয়াল গৌর সহ অন্যান্য কয়েকজন মন্ত্রী ও সাংসদ উপস্থিত ছিলেন ।

---

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী বৈষ্ণ গতকাল গৌহাটিতে আয়োজিত এই অনুষ্ঠানে ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আকাশবাণী কোকরাঝার কেন্দ্রের ১০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন নতুন এফ এম ট্রান্সমিটার ও আনুষ্ঠানিকভাবে রাজ্যবাসীর সেবায় উৎসর্গ করেন । আকাশবাণী কোকরাঝার কেন্দ্র বি টি আর-এর জনসাধারণের দীর্ঘদিনের স্বপ্ন পূরণ করতে সক্ষম হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন । ১৯শো ৯৯ সালের ১৫ আগষ্ট থেকে জনসাধারণের সুবিধায় সেবা প্রদান করে আসা এই কেন্দ্রের নতুন এফ এম ট্রান্সমিটারটি মোট ৭০ কিলোমিটার ব্যাসার্ধ পর্যন্ত বসবাসরত শ্রোতাদের সেবা প্রদান করবে । এর ফলে কোকরাঝার এবং এর পার্শবর্তী অঞ্চল ধুবরী , বঙ্গাইগাও এবং চিরাং জেলার শ্রোতারাও এখন থেকে এফ এম বেগুর ১০২ ম্যাগাহারডজে আকাশবাণী কোকরাঝারের অনুষ্ঠান শুনতে পাবেন ।

---

রাজ্য সরকার পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করতে না দেওয়ার নির্দেশের বিরুদ্ধে গৌহাটী হাইকোর্টের দ্বারস্থ হয়েছে । রাজ্য সরকার মামলা দায়ের হওয়া পঞ্চায়েত এলাকা বাদ দিয়ে বাকী অঞ্চলগুলোতে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার অনুমতি প্রদান করতে হাইকোর্টের কাছে আবেদন জানিয়েছে ।এই আবেদনের শুনানি গ্রহণ করে হাইকোর্ট আগামী ৬ জানুয়ারী মামলাকারী পক্ষকে জবাব দেবার নির্দেশ দিয়েছে ।উল্লেখ্য বিধানসভা এলাকা পুনর নির্ধারণ সহ বিভিন্ন অসুবিধার অভিযোগ করে একাংশ প্রার্থী গৌহাটী হাইকোর্টে মামলা দায়ের করেছিল । এই মামলার পরিপ্রেক্ষিতে হাইকোর্ট পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারি না করতে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছিল ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উন্নয়নের জন্য মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ১০ কোটি টাকা মঞ্জুর করেছেন ।হাইলাকান্দি জেলা উন্নয়ন আয়ুক্ত এল ফাইরেন গতকাল জেলা ক্রীড়া সংস্থার মাঠ পরিদর্শন করে একথা জানান ।তিনি বলেন যেচ এ সংক্রান্ত পত্র ইতিমধ্যে জেলা প্রশাসনের কাছে এসে পৌঁচেছে । তিনি সংস্থার সভাপতি তথা প্রাক্তন মন্ত্রী গৌতম রায় ,সচিব শৈবাল সেনগুপ্ত সহ অন্যান্যদের সঙ্গে এই প্রকল্পের বিষয়ে আলোচনা করেন এবং আগামী ক্রিকেট মরশুমের জন্য তৈরি করা পিচ পরিদর্শন করেন ।

---

---

শ্রীভূমি পৌরসভার সভাপতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শ্রীভূমি শহরের নটিয়াখালের সৌন্দর্যা বৃদ্ধি করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে । বিজ্ঞপ্তীতে নটিয়াখালের সৌন্দর্য বৃদ্ধি করার কাজের ডি পি আর প্রস্তুত করার জন্য ইচ্ছুক কনসালটেন্টদের পৌর কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে আহ্বান জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার অতিরিক্ত ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তীতে এরালিগুলের ১৫তম এ পি ব্যাটেলিয়ান ফায়ারিং রেঞ্জে আজ থেকে বার্ষিক গুলি চালানোর মহড়া অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে মহড়ার সময় কোন ধরনের অবাঞ্ছিত দূর্ঘটনা প্রতিরোধে , রেঞ্জ সংলগ্ন এলাকার জনগনকে সাবধানতা অবলম্বন করে চলাফেরা করতে জেলা প্রশাসন থেকে সর্তক করা হয়েছে ।